# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.07.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) মুখ্যমন্ত্রী, একটানা প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার নির্দেশ দিয়েছেন। খুলতে বলা হয়েছে কন্ট্রোল রুম। আজও উত্তরবঙ্গে ভারি বৃষ্টির পূর্বাভাস।

২) গঙ্গা ভাঙন নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আর্থিক বঞ্চনার অভিযোগ তুলেছেন মুখ্যমন্ত্রী। বিজেপি এই অভিযোগ খারিজ করে দিয়েছে।

৩) বাজার দর নিয়ন্ত্রণে মুখ্যমন্ত্রী আজ এক উচ্চ পর্যায়ের বৈঠক ডেকেছেন।

৪) কলকাতা পুলিশের দুই শীর্ষকর্তার বিরুদ্ধে ওঠা অভিযোগের ভিত্তিতে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, রাজ্যপাল তা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চেয়েছেন।

৫) নিয়োগ দুর্নীতি মামলায় সিবিআই, তৃণমূল কংগ্রেস সাংসদ দীপক অধিকারী ওরফে অভিনেতা দেবকে ক্লিনচিট দিয়েছে।

৬) পশ্চিমবঙ্গে চারটি সহ সাত রাজ্যে ১৩ টি বিধানসভা কেন্দ্র উপনির্বাচনে আগামীকাল ভোট।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, একটানা প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার নির্দেশ দিয়েছেন। সেখানকার বন্যা

পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী গতকাল নবান্নে ৮ জেলার পুলিশ সুপার, জেলাশাসক এবং কৃষি, সেচ ও বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের আধিকারিক-সচিবদের নিয়ে এক বৈঠক করেন। তিনি বলেন, সিকিমে বৃষ্টি হচ্ছে। তার ফলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। পর্যটকরা আটকে রয়েছেন। বর্ষায় পাহাড়ে ঘুরতে না যাওয়ার জন্য পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। গোটা পরিস্থিতির ওপর নজর রাখতে কন্ট্রোল রুম খোলার নির্দেশ দিয়েছেন তিনি।

বাইট

এদিকে, পাহাড়ি এলাকায় ধস নামলে দ্রুত সেনাবাহিনীর সঙ্গে যোগাযোগ করে পরিস্থিতি সামাল দিতে হবে বলে মুখ্যমন্ত্রী জানান। তিনি বলেন, রাজগঞ্জ, মাল, ক্রান্তি এবং জলপাইগুড়ি সদর ও পুর এলাকা ক্ষতিগ্রস্ত। রাজ্য সরকারের তৈরি করা ৯ টি ফ্লাড সেন্টারে এই মুহূর্তে ৫০০ জনের মত দুর্গত রয়েছেন। জমা জলে বিদ্যুৎস্পৃষ্ট হওয়া থেকে সতর্কা থাকার জন্য তিনি অনুরোধ জানান। মুখখ্যমন্ত্রী বলেন, কোচবিহারের তুফানগঞ্জ ও মাথাভাঙায় ১২ টি ত্রাণ শিবির ও ৬ টি কিচেন খোলা হয়েছে। বিভিন্ন দপ্তরের মধ্যে যোগাযোগ রেখে সকলকে সতর্ক থাকার কথা বলেন তিনি। পরিস্থিতি মোকাবিলায় সংশ্লিষ্ট দপ্তরের কর্মীদের ছুটি বাতিলের কথাও জানানো হয়।

অন্যদিকে বর্ষার মরশুমে ডিভিসি কতটা জল ছাড়বে, তা প্রতিদিন রিপোর্ট আকারে রাজ্য সরকারকে জানাতে হবে। রেলের এলাকায় জমে থাকা জল তাদেরকেই বের করতে হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

এদিকে উত্তরবঙ্গে আজও ভারি থেকে অতি ভারি বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

---------------------

বাংলাদেশের সঙ্গে গঙ্গা ও তিস্তা জল বন্টন চুক্তি ইস্যুতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, পুনরায় সরব হয়েছেন। নবান্নে গতকালের সাংবাদিক বৈঠক থেকে এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করে তিনি ফের জানান, তিস্তার জল বাংলাদেশকে দিয়ে দিলে আগামীতে উত্তরবঙ্গের মানুষ পানীয় জলও পাবেন না। তিস্তায় এই সময় যেমন জল থাকে, তা গ্রীষ্মকালে থাকে না। বর্ষার জলের পরিমাণ দেখে সবকিছু যাতে বিবেচনা না করা হয়, সেব্যাপারেও আবেদন জানান মুখ্যমন্ত্রী।

অন্যদিকে গঙ্গা সহ বিভিন্ন নদীর ভাঙ্গন নিয়েও তৃণমূল কংগ্রেস নেত্রী ক্ষোভ প্রকাশ করেন। এব্যাপারে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আর্থিক বঞ্চনার অভিযোগ তুলেছেন তিনি।

বাইট

এদিকে, মুখ্যমন্ত্রীর এই অভিযোগ বিজেপি খারিজ করে দিয়েছে। দলের রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় এক সাংবাদিক বৈঠকে বলেন, কেন্দ্রীয় অনুদানের টাকাতেই রাজ্য চলছে। না জানিয়ে ফারাক্কা চুক্তির দাবি প্রসঙ্গে শ্রী চট্টোপাধ্যায় বলেন, মুখ্যমন্ত্রীর এই অভিযোগ করার আগে সেচ দপ্তরের সচিবের কাছে রিপোর্ট চাওয়া উচিত।

বাইট

---------------------

শাকসবজি, আনাজসহ বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিসের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রেক্ষিতে বাজারদর নিয়ন্ত্রণে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক উচ্চ পর্যায়ের বৈঠক ডেকেছেন। রাজ্য সরকারের বাজারদর নিয়ন্ত্রণে গঠিত টাস্ক ফোর্স, বিভিন্ন দফতর,

পুলিশ, এনফোর্সমেন্ট বিভাগ, সব জেলা শাসকদের ওই বৈঠকে উপস্থিত থাকতে বলা হয়েছে। গতকাল মুখ্যমন্ত্রী জানান, সমস্ত জিনিসের দাম অস্বাভাবিক বেড়ে যাওয়ায় সাধারণ মানুষ চরম অসুবিধায় পড়ছেন। সে কারণেই এই বৈঠক।

এদিকে, শাকসবজি ও আনাজের আগুন দাম থেকে সাধারণ মানুষকে কিছুটা রেহাই দিতে ইতিমধ্যেই উদ্যোগী হয়েছে রাজ্য সরকার। রাজ্যের ৪৬৮ সুফল বাংলা স্থায়ী ও ভ্রাম্যমান বিপণী থেকে বাজারদরের তুলনায় গড়ে ১০ থেকে ২০ শতাংশ কম দামে সবজি বিক্রি করা হচ্ছে। কলকাতা ও আশপাশের এলাকায় ক্রেতাদের সুবিধাদিতে লেক মার্কেট এর কাছে এবং সল্টলেক সহ রাজাহাট নিউ টাউন এলাকায় আরো ১১ টি অতিরিক্ত সুফল বাংলা ভ্রাম্যমান বিপণী খুলেছে কৃষি বিপণন দফতর। পরিস্থিতির বিচার করে আগামী দিনে বিপনির সংখ্যা আরো বাড়ানোরও প্রস্তুতি নেওয়া হয়েছে বলে জানানো হয়েছে।

---------------------

কলকাতা পুলিশের দুই শীর্ষকর্তার বিরুদ্ধে ভারত সরকারের কাছে পাঠানো অভিযোগের ভিত্তিতে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস তা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে জানতে চেয়েছেন। গত সন্ধ্যায় রাজভবনের এক্স হ্যান্ডেলে, তিনি পোস্ট করা এক বার্তায় তিনি এব্যাপারে পরবর্তী পদক্ষেপ সম্পর্কে জানতে চান। পাশাপাশি মাথাভাঙ্গা ও চোপড়ায় নারী নির্যাতনের ঘটনায় সিবিআই তদন্ত নিয়ে রাজ্য সরকার কি ভাবছে, তার উপরেও রিপোর্ট চেয়েছেন।

উল্লেখ্য, গত মাসের শেষ সপ্তাহে কলকাতা পুলিশের দুই শীর্ষ কর্তা বিনীত গোয়েল ও ইন্দিরা মুখোপাধ্যায়ের বিরুদ্ধে রাজ্যপালের পদকে কলঙ্কিত করার অভিযোগ জানিয়ে

স্বরাষ্ট্র মন্ত্রককে রিপোর্ট দেন শ্রী বোস। কোচবিহার ও উত্তর দিনাজপুরের ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তারও অভিযোগ তোলেন তিনি।

---------------------

আকাশবাণী সংবাদের বিশেষ সাপ্তাহিক অনুষ্ঠান "খবরের আয়নায়" এ সপ্তাহের বিষয় "কেন্দ্রের নতুন সরকারের কাছে জনগণের প্রত্যাশা"।

মতামত দিয়েছেন রাজনীতিক, আইনজ্ঞ, বিজ্ঞানী, শিক্ষক, ক্রীড়াবিদ, চিকিৎসক সকলেই।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে।

---------------------

নিয়োগ দুর্নীতি মামলায় সিবিআই, তৃণমূল কংগ্রেস সাংসদ দীপক অধিকারী ওরফে অভিনেতা দেবকে ক্লিনচিট দিয়েছে। ভাইরাল অডিও প্রেক্ষিতে দেবের বিরুদ্ধে সিবিআই তদন্ত চেয়ে কলকাতা হাইকোর্টে মামলা হয়। এরপরই সিবিআই-কে নিজেদের অবস্থান জানাতে বলে আদালত। তবে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আইনজীবী হাইকোর্টে জানিয়েছেন, যে অভিযোগ দেবের বিরুদ্ধে করা হয়েছে, তার কোনো সারবত্তা নেই। তা জানানোর পরই গতকাল ঐ মামলা খারিজ করে দেন বিচারপতি অমৃতা সিনহা।

এদিকে, এই রায়ের পরই দেব জানিয়েছেন, সংবিধানের ওপর তাঁর আস্থা রয়েছে। অন্যায়ভাবে কাউকে শাস্তি দেওয়া সম্ভব নয়।

বাইট

---------------------

পশ্চিমবঙ্গের চারটি সহ সাত রাজ্যের ১৩টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আগামীকাল ভোট নেওয়া হবে। এজন্য প্রচারাভিযান গত সন্ধ্যায় শেষ হয়।

রাজ্যের উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, নদীয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগণার বাগদা এবং কলকাতার মানিকতলা এই চারটি আসনে অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন সবরকমের ব্যবস্থা নিয়েছে। মোতায়েন করা হয়েছে মোট ৭০ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে সবচেয়ে বেশি ২০ কোম্পানী মোতায়েন থাকছে বাগদায়। এছাড়া রানাঘাট দক্ষিণে ১৯, রায়গঞ্জে ১৬ এবং মানিকতলা কেন্দ্রে ১৫ কোম্পানী বাহিনী অবিলম্বে মোতায়েন করার নির্দেশ দেওয়া হয়েছে। চার কেন্দ্রে এক হাজার ৯৭ টি বুথেই ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা করা হয়েছে। প্রায় ৯ লক্ষ ৯৫ হাজার ভোটদাতা এই চারটি আসনে তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন।

ভোটগণনা করা হবে শনিবার ১৩ তারিখ।

---------------------

কলকাতা পুলিশের দুই শীর্ষকর্তার বিরুদ্ধে ভারত সরকারের কাছে পাঠানো অভিযোগের ভিত্তিতে কি পদক্ষেপ নেওয়া হয়েছে, রাজ্যপাল সি ভি আনন্দ বোস তা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কাছে জানতে চেয়েছেন। গত সন্ধ্যায় রাজভবনের এক্স হ্যান্ডেলে, তিনি পোস্ট করা এক বার্তায় তিনি এব্যাপারে পরবর্তী পদক্ষেপ সম্পর্কে জানতে চান। পাশাপাশি মাথাভাঙ্গা ও চোপড়ায় নারী নির্যাতনের ঘটনায় সিবিআই তদন্ত নিয়ে রাজ্য সরকার কি ভাবছে, তার উপরেও রিপোর্ট চেয়েছেন।

উল্লেখ্য, গত মাসের শেষ সপ্তাহে কলকাতা পুলিশের দুই শীর্ষ কর্তা বিনীত গোয়েল ও ইন্দিরা মুখোপাধ্যায়ের বিরুদ্ধে রাজ্যপালের পদকে কলঙ্কিত করার অভিযোগ জানিয়ে

স্বরাষ্ট্র মন্ত্রককে রিপোর্ট দেন শ্রী বোস। কোচবিহার ও উত্তর দিনাজপুরের ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তারও অভিযোগ তোলেন তিনি।

--------------------

উত্তরবঙ্গের আট জেলায় ১০০ দিনের কাজ প্রকল্পে জব কার্ড থাকা লক্ষাধিক শ্রমিক কর্মশ্রীর অধীনে কাজ পেয়েছেন। এই প্রকল্পে মজুরি বাবদ উত্তরবঙ্গের জন্যে ১৩০ কোটি টাকার বেশি বরাদ্দ করা হয়েছে বলে অর্থ দপ্তর সূত্রে জানা গিয়েছে। যার মধ্যে মালদায় সবচেয়ে বেশি ২৮ কোটি ৪৭ লক্ষ এবং আলিপুরদুয়ারে সবচেয়ে কম ৬ কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

উল্লেখ্য রাজ্য সরকার চলতি বছরের বাজেটে এই প্রকল্পে জব কার্ডধারীদের বছরে ৫০ দিন কাজ দেওয়ার কথা ঘোষনা করেছিল।

--------------------

রাজ্যের ৮ টি কেন্দ্রীয় সংশোধনাগারে টেলি মেডিসিন পরিষেবা চালু করেছে রাজ্য সরকার। প্রেসিডেন্সি,বাড়ুইপুর, দমদম, বহরমপুর, মেদিনীপুর, বর্ধমান, বালুরঘাট এবং জলপাইগুড়ি তে  অবস্থিত কেন্দ্রীয় সংশোধনাগারগুলিতে ১২ হাজার আবাসিক এরফলে উপকৃত হবেন বলে জানিয়েছে করা দফতর। ভবিষ্যতে পশ্চিমবঙ্গের ৬০ টি সংশোধনাগার এই এই পরিষেবা মিলবে। এই পরিষেবায় রোগী ও সংশ্লিষ্ট সংশোধনাগার এর চিকিৎসক স্বাস্থ্য দফতরের বিশেষজ্ঞ চিকিৎসকের সঙ্গে কথা বলতে পারবেন।ই-প্রেসক্রিপশন দেবেন বিশেষজ্ঞ চিকিৎসক। ওষুধের ব্যবস্থা করবে জেল কর্তৃপক্ষ।

--------------------

বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে কমিউনিস্ট নেতা ও রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর জীবন থেকে শিক্ষা নিয়ে যাতে সমস্ত বাধা কাটিয়ে ওঠা যায়, সেজন্য নিজেদের সক্ষমতা অর্জন করতে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মোহাম্মদ সেলিম দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর ১১১ তম জন্মদিন উপলক্ষে গতকাল নিউটাউনে জ্যোতি বসু সেন্টারের নির্মীয়মান ভবন প্রাঙ্গণে আয়োজিত 'প্রসঙ্গ জ্যোতি বসু' শীর্ষক  এক আলোচনা সভায় অংশ নিয়ে সেলিম দলের মধ্যে থাকা দুই মেরুর সদস্যদের ভারসাম্য রক্ষা করার পরামর্শ দেন। আলোচনায় অংশ নিয়ে বিশিষ্ট চিত্র পরিচালক গৌতম ঘোষ জ্যোতি বসুর সঙ্গে তাঁর বিভিন্ন সময়কার কথাবার্তার অভিজ্ঞতার কথা তুলে ধরেন। সভাপতিত্ব করেন, প্রতিষ্ঠানের চেয়ারম্যান প্রবীণ সিপিআইএম নেতা ও বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সম্পাদক সিপিআইএম এর কেন্দ্রীয় কমিটির সদস্য রবীন দেব। দিনটি উপলক্ষে কলকাতার প্রমোদ দাশগুপ্ত ভবনে সিপিআইএম এর কলকাতা জেলা কমিটির পক্ষে আয়োজিত এক রক্তদান শিবিরে ১৫ জন মহিলা সহ মোট ১৩০ জন রক্ত দান করেন।

--------------------

মহামেডান স্পোর্টিং আজ প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবল ম্যাচে আর্মি রেড দলের বিরুদ্ধে খেলবে। মহামেডান স্পোর্টিং মাঠে খেলা শুরু হবে বিকেল তিনটেয়। তিন ম্যাচে মহামেডান স্পোটিং চার পয়েন্ট সংগ্রহ করেছে।

-------------------- --------------------